গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।
(সাধারণ শাখা)
www.bhola.gov.bd

২৫ মার্চ গণহত্যা দিবস, ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ তৌফিক -ই-লাহী চৌধুরী
জেলা প্রশাসক, ভোলা।
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।
তারিখ : ১০-০৩-২০২২ খ্রি.।
সময় : সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যদের হাজিরা নথিতে সংরক্ষিত:

সভার শুরুতে সভাপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগস্টে নিহত বঙ্গবন্ধুর পরিবারের সদস্যদের আত্মার প্রতি এবং মহান মুক্তিযুদ্ধে নিহত শহিদ বীর মুক্তিযোদ্ধাদের আত্মার প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। তিনি এ পর্যায়ে মহান স্বাধীনতার মহানায়ক, বাঙালি জাতির অবিসংবাদিত নেতা, স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্মরণ করে বলেন জাতির পিতার জন্ম না হলে বাংলাদেশ স্বাধীন হতো না। তিনি জানান জাতির সর্বশ্রেষ্ঠ অর্জনই হচ্ছে মহান মুক্তিযুদ্ধ। স্বাধীনতার ৫০ বছর পূর্তিতে সারাদেশের ন্যায় ভোলা জেলায় সুবর্ণজয়ন্তী উদ্‌যাপনের বিষয়টি সভায় তুলে ধরেন। তিনি এ বছর ২৬ মার্চ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। তিনি আরো বলেন, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক 'মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলা'র আয়োজন করা হবে। তিনি জানান মেলায় মুক্তিযুদ্ধের ইতিহাস ও মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত বাংলাদেশের ৫০ বছরের সাফল্য ও অর্জন এবং ভোলার জেলার ঐতিহ্য তুলে ধরার লক্ষ্যে ভোলা জেলার সকল সরকারি দপ্তর, বেসরকারি প্রতিষ্ঠান ও সামাজিক সংগঠনকে মেলাঙ্গনে স্টল বরাদ্দ প্রদান করা হবে। ভোলা সদর উপজেলা ব্যতিত এ জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারগণ নিজ নিজ উপজেলার জন্য কেন্দ্রীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে তাদের কর্মসূচি গ্রহণ করবেন। ভোলা সদর উপজেলা জেলা প্রশাসনের সাথে সকল কর্মসূচি পালন করবে। একইসাথে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে বিসিক জেলা কার্যালয়, ভোলা কর্তৃক শিল্পমেলার আয়োজন করবেন। পরবর্তীতে উপস্থিত সকল কর্মকর্তা, জনপ্রতিনিধি, মুক্তিযোদ্ধা, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সম্মানিত সাংবাদিকবৃন্দসহ সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ এবং **'মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলা'** যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। সভায় উপস্থিত জেলা পর্যায়ের কর্মকর্তা, জনপ্রতিনিধি ও মুক্তিযোদ্ধা, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সম্মানিত সাংবাদিকবৃন্দসহ বিশিষ্ট ব্যক্তিবর্গ তাদের সুচিন্তিত মতামত/প্রস্তাব উপস্থাপন করেন এবং এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত হয়ঃ

**২৫ মার্চ গণহত্যা দিবস, ২০২২ উপলক্ষে গৃহীত কর্মসূচি:**

| তারিখ ও সময় | কর্মসূচির বিবরণ ও স্থান | ব্যবস্থাপনায় |
|---|---|---|
| ০৮/৩/২০২২ খ্রি. হতে ২৫/৩/২০২২ খ্রি. (সুবিধাজনক তারিখ ও সময়) | স্কুল/কলেজ/মাদ্রাসাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের কন্ঠে ২৫ মার্চ গণহত্যার স্মৃতিচারণ ও আলোচনা সভা। | ১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ভোলা।<br>২. জেলা শিক্ষা অফিসার, ভোলা।<br>৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, ভোলা।<br>৪. শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান (সকল)।<br>৫. স্থানীয় বীর মুক্তিযোদ্ধাগণ।<br>৬. স্থানীয় বিশিষ্ট ব্যক্তিবর্গ। |
| ২৫/৩/২০২২খ্রি. | গণহত্যার উপর দুর্লভ আলোকচিত্র / প্রামান্যচিত্র প্রদর্শনী। | ১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ভোলা।<br>২. জেলা তথ্য অফিসার, ভোলা। |
| ২৫/৩/২০২২খ্রি. সকাল ১০.৩০ টা | ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষে আলোচনা সভা স্থানঃ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, ভোলা। | ১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ভোলা।<br>২. উপজেলা নির্বাহী অফিসার, ভোলা সদর।<br>৩. প্রধান শিক্ষক, ভোলা সরকারি বালক উচ্চ বিদ্যালয়<br>৪. নেজারত ডেপুটি কালেক্টর, ভোলা। |

| | | |
|---|---|---|
| ২৫/৩/২০২২ খ্রি.<br>১. মসজিদে বাদ যোহর<br>২. অন্যান্য উপাসনালয়ে সুবিধাজনক সময়ে। | ২৫ মার্চ রাতে নিহতদের স্মরণে বিশেষ মোনাজাত / প্রার্থনা।<br>স্থান: কোর্ট জামে মসজিদসহ সকল মসজিদ, মন্দির ও অন্যান্য উপাসনালয়। | ১. উপজেলা নির্বাহী অফিসার, ভোলা সদর।<br>২. উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ভোলা।<br>৩. সংশ্লিষ্ট মসজিদ/উপাসনালয় কর্তৃপক্ষ।<br>৪. সভাপতি/সম্পাদক, জেলা পূজা উদ্‌যাপন পরিষদ, ভোলা। |
| ২৫/৩/২০২২খ্রি.<br>সন্ধ্যা ০৭.০০ টা | ভোলা সদর উপজেলার বধ্যভূমিতে মোমবাতি প্রজ্জ্বলন।<br>স্থানঃ সদর উপজেলা ওয়াপদা সংলগ্ন বধ্যভূমি। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ২৫/৩/২০২২ খ্রি.<br>(রাত ০৯.০০টা থেকে ০৯.০১ পর্যন্ত ০১ মিনিট) | জেলায় প্রতীকি ব্ল্যাক-আউট ০১ মিনিটের জন্য<br>(কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত) | ১. উপজেলা নির্বাহী অফিসার, ভোলা সদর।<br>২. নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো লিঃ, ভোলা<br>৩.জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ভোলা<br>৪. নেজারত ডেপুটি কালেক্টর,ভোলা। |

<u>২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২২ উপলক্ষে গৃহীত কর্মসূচি:</u>

| তারিখ ও সময় | কর্মসূচির বিবরণ ও স্থান | ব্যবস্থাপনায় |
|---|---|---|
| ২৬/৩/২০২২ খ্রি.<br>প্রত্যুষে | একত্রিশ বার তোপধ্বনি<br>স্থানঃ জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ২৬/৩/২০২২ খ্রি.<br>সূর্যোদয়ের সাথে সাথে। | **মুক্তিযুদ্ধে শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে শহিদ মুক্তিযোদ্ধা স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ।**<br>স্থানঃ জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা এর ভবন সংলগ্ন শহীদ মুক্তিযোদ্ধা স্মৃতিস্তম্ভ।<br>(পুষ্পস্তবক অর্পণকারী সকল প্রতিষ্ঠান/সংগঠনকে সকাল ৬.১৫টার মধ্যে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।) | সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ২৬/৩/২০২২ খ্রি.<br>শহীদ মুক্তিযোদ্ধা স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণের পর পর | বধ্যভূমিতে শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদনের উদ্দেশ্যে পুষ্পস্তবক অর্পণ।<br>স্থানঃ সদর উপজেলা ওয়াপদা সংলগ্ন বধ্যভূমি। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ২৬/৩/২০২২ খ্রি.<br>সূর্যোদয়ের সাথে সাথে। | জাতীয় পতাকা উত্তোলন।<br>(স্ব-স্ব উদ্যোগে সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত ও বেসরকারি প্রতিষ্ঠান এবং ভবন মালিকগণ)। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ২৬/৩/২০২২ খ্রি.<br>সকাল ৮.১৫ টা. | জেলা প্রশাসক, ভোলা কর্তৃক আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সংগীত পরিবেশন, পুলিশ, বিএনসিসি, আনসার ও ভিডিপি, স্কাউটস্, গার্ল গাইড, শিশু পরিবার, শিশু সদন, ক্রীড়া ও সাংস্কৃতিক সংগঠনসমূহ, স্কুল কলেজের ছাত্র-ছাত্রী এবং শিশু-কিশোর সমাবেশে সালাম গ্রহণ এবং কুচকাওয়াজ ও শরীরচর্চা প্রদর্শনী।<br>স্থানঃ গজনবী স্টেডিয়াম, ভোলা। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ২৬/৩/২০২২ খ্রি.<br>সকাল ০৯.০০ টা. | **শিশু-কিশোরদের ক্রীড়া অনুষ্ঠান।**<br>স্থানঃ গজনবী স্টেডিয়াম, ভোলা। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ২৬/৩/২০২০২ খ্রি.<br>সকাল ১০.০০ টা. | **শিশু-কিশোরদের চিত্রাঙ্কন, আবৃত্তি, রচনা ও বিতর্ক প্রতিযোগিতা।**<br>স্থানঃ জেলা শিশু একাডেমি , ভোলা। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ২৬/৩/২০২০২ খ্রি.<br>সকাল ১১.০০ টা. | **মহান মুক্তিযুদ্ধের গুরুত্ব ও তাৎপর্য শীর্ষক আলোচনা ও ভোলা সদর উপজেলার মুক্তিযোদ্ধাদের সংবর্ধনা।**<br>স্থানঃ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ২৬/৩/২০২২ খ্রি.<br>১. মসজিদে বাদ যোহর<br>২. অন্যান্য উপাসনালয়ে সুবিধাজনক সময়ে। | **জাতির শান্তি, সমৃদ্ধি, দেশের উন্নয়ন ও অগ্রগতি কামনা করে মসজিদ, মন্দির, গির্জাসহ সকল ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত ও প্রার্থনার আয়োজন।**<br>স্থান: কোর্ট জামে মসজিদসহ সকল মসজিদ, মন্দির ও অন্যান্য উপাসনালয়। | ১. উপজেলা নির্বাহী অফিসার, ভোলা সদর।<br>২. উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ভোলা।<br>৩. সংশ্লিষ্ট মসজিদ/উপাসনালয় কর্তৃপক্ষ।<br>৪. সভাপতি/সম্পাদক, জেলা পূজা উদ্‌যাপন পরিষদ, ভোলা। |

| | | |
|---|---|---|
| ২৬/৩/২০২২ খ্রি.<br>দুপুর-২.০০ টা. | **সকল হাসপাতাল, কারাগার, শিশু পরিবার, পথ শিশু পুনর্বাসন কেন্দ্র, প্রতিবন্ধী কল্যাণ কেন্দ্র, বৃদ্ধাশ্রম, ভবঘুরে প্রতিষ্ঠান ও শিশু দিবা যত্ন কেন্দ্রসমূহে উন্নতমানের খাবার পরিবেশন।** | সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ২৬/৩/২০২২ খ্রি.<br>বিকাল ৩.০০ঘ. | **মহিলাদের অংশগ্রহণে মুক্তিযুদ্ধ বিষয়ক আলোচনা সভা**<br>স্থানঃ মহিলা ক্লাব, ভোলা। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ২৬/৩/২০২২ খ্রি.<br>বিকাল ৪.০০ টা. | **প্রীতি ফুটবল প্রতিযোগিতা।**<br>জেলা ক্রীড়া সংস্থা একাদশ বনাম পৌরসভাধীন বিভিন্ন ক্লাব একাদশ।<br>স্থান: গাজনবী স্টেডিয়াম, ভোলা।<br>সৌজন্যে: জেলা ক্রীড়া সংস্থা, ভোলা | ১.মেয়র, ভোলা পৌরসভা, ভোলা।<br>২. সাধারণ সম্পাদক, জেলা ক্রীড়া সংস্থা, ভোলা।<br>৩. সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ২৬/৩/২০২২ খ্রি.<br>বিকাল ৪.৩০ টা. | প্রীতি ফুটবল প্রতিযোগিতা।<br>জেলা প্রশাসন একাদশ বনাম মেয়র, ভোলা পৌরসভা একাদশ।<br>স্থান: গাজনবী স্টেডিয়াম, ভোলা।<br>ব্যবস্থাপনায়: ভোলা পৌরসভা, ভোলা। | ১. মেয়র, ভোলা পৌরসভা, ভোলা।<br>২. সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ২৬/৩/২০২২ খ্রি. হতে<br>৩১/৩/২০২২ খ্রি.<br>সন্ধ্যা ০৬.৩০ টা. | **মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনী**<br>স্থান: জেলা শিল্পকলা একাডেমি / ভোলা সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ/ কবি মোজাম্মেল হক টাউন হল প্রাঙ্গন / টাউন কমিটি মাধ্যমিক বিদ্যালয় (বাংলা স্কুল) মাঠ/ সকল সিনেমা হল, ভোলা। | ১. জেলা তথ্য অফিসার, ভোলা।<br>২. অফিসার-ইন-চার্জ, ভোলা মডেল থানা।<br>৩. কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি, ভোলা।<br>৪. ম্যানেজার, সিনেমা হল (সকল), ভোলা। |
| ২৬/৩/২০২২ খ্রি.<br>সন্ধ্যা ৭.০০ টা. | **আলোচনা ও গুণী শিল্পীদের নিয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ।**<br>**আলোচ্য বিষয়:** "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক নেতৃত্ব এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে দেশের উন্নয়নের চিত্র"<br>স্থান: ভোলা সরকারি উচ্চ বিদ্যালয় মাঠ। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |

<u>স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে 'মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলা উপলক্ষে গৃহীত কর্মসূচি:</u>

| তারিখ ও সময় | কর্মসূচির বিবরণ ও স্থান | ব্যবস্থাপনায় |
|---|---|---|
| ১৭/০৩/২০২২ হতে<br>২৩/০৩/২০২২ পর্যন্ত | ভোলা সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে **'মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলা'**র আয়োজন করা হবে। মেলায় মুক্তিযুদ্ধের ইতিহাস ও মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত বাংলাদেশের ৫০ বছরের সাফল্য ও অর্জনকে তুলে ধরার কার্যক্রম বাস্তবায়নে ভোলা জেলার সকল সরকারি দপ্তর, বেসরকারি প্রতিষ্ঠান ও সামাজিক সংগঠনকে মেলাঙ্গনে স্টল বরাদ্দ প্রদান করা হবে। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ১৮/০৩/২০২২ হতে<br>২৩/০৩/২০২২ পর্যন্ত | ভোলা সদর উপজেলা হতে শুরু করে জেলার সকল উপজেলায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ডিজাইনের ৫টি সুসজ্জিত যানবাহনে ৫০টি জাতীয় পতাকা সম্বলিত র‍্যালি হবে। বীর মুক্তিযোদ্ধাগণ ১৮/০৩/২০২২ তারিখ সকাল ১০:০০ টায় ভোলা সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠ হতে শুরু করে দৌলতখান ও বোরহানউদ্দিন হয়ে পর্যায়ক্রমে জেলার সকল উপজেলায় গমন করবেন। পথিমধ্যে সুবিধাজনক সময়ে জনবহুল স্থানে বীর মুক্তিযোদ্ধাগণ মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ ও মুক্তির উৎসব ও স্বাধীনতার ৫০ বছর পূর্তিতে স্বাধীনতার উৎসব অর্থাৎ মুক্তিযুদ্ধের অর্জন, মুক্তিযুদ্ধের ইতিহাস ও দেশের উন্নয়ন এবং অগ্রগতি নিয়ে আলোচনা করবেন। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার র‍্যালি ও আলোচনা সভায় সকল কার্যক্রম বাস্তবায়নে সার্বিক সহযোগিতা করবেন। | ১. সংশ্লিষ্ট উপ-কমিটি।<br>২. সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার। |
| ১৭/০৩/২০২২ হতে<br>২৩/০৩/২০২২ পর্যন্ত<br>সময়: সন্ধ্যা ৭:০০ টা | মুক্তিযুদ্ধের চেতনা নতুন প্রজন্মের সামনে তুলে ধরতে উপযোগী সাংস্কৃতিক অনুষ্ঠান। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |

বর্ণিত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য ও ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে 'মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলা উপলক্ষে যথাযোগ্য মর্যাদার সাথে কোভিড-১৯ বিষয়ক সর্বশেষ সরকারি নির্দেশনা ও যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে উদ্‌যাপনের জন্য নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্তসমূহ:

| সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|
| ১. সূর্যোদয়ের সাথে সাথে ভোলা জেলার সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত, বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান ও ভবনের মালিকগণ। |
| ২. ভোলা জেলার গুরুত্বপূর্ণ সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত, বেসরকারি ভবন/স্থাপনাসমূহে আলোকসজ্জা করার সিদ্ধান্ত গৃহীত হয়। তবে ২৫ মার্চ জাতীয় গণহত্যা দিবস হওয়ায় ২৬ মার্চ সন্ধ্যার আগে কোথাও কোন আলোকসজ্জা করা যাবে না মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান ও ভবনের মালিকগণ। |
| ৩. উপর্যুক্ত কর্মসূচির আলোকে ভোলা সদর উপজেলা ব্যতীত এ জেলার অন্য সকল উপজেলা নির্বাহী অফিসারকে নিজ নিজ উপজেলার কর্মসূচি গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। ভোলা সদর উপজেলা জেলা প্রশাসনের সাথে একত্রে কর্মসূচি পালন করবে। | ১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ভোলা। |
| ৪. জেলা পর্যায়ের সকল বিভাগ/দপ্তরের কর্মকর্তা/কর্মচারীকে ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত সকল কর্মসূচিতে আবশ্যিকভাবে উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জেলা পর্যায়ের সকল কর্মকর্তা, ভোলা। |
| ৫. ভোলা জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীদেরকে নিয়ে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ভোলা।<br>২. জেলা শিক্ষা অফিসার<br>৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| ৬. সঠিকভাবে জাতীয় পতাকা উত্তোলনের বিষয়ে এবং গৃহীত কর্মসূচি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ভোলা।<br>২. জেলা তথ্য অফিসার, ভোলা। |
| ৭. ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সকল প্রোগ্রামে ফায়ার সার্ভিস টিম, প্রয়োজনীয় পুলিশ ফোর্স, মেডিকেল টিমের উপস্থিতি নিশ্চিত করা ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. পুলিশ সুপার, ভোলা।<br>২. সিভিল সার্জন, ভোলা।<br>৩.নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো, ভোলা।<br>৪. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ভোলা |
| ৮. গৃহীত কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে যাবতীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট উদ্‌যাপন কমিটি এবং বিভিন্ন উপকমিটি গঠন করা হয়। প্রত্যেক উপ-কমিটি নিজেদের মধ্যে আলোচনার মাধ্যমে সম্ভাব্য বাজেট প্রণয়ন করতঃ আগামী ১২/০৩/২০২২ খ্রি. তারিখের মধ্যে অর্থ উপ-কমিটির নিকট দাখিল করবেন। সরকারি বরাদ্দের চেয়ে অতিরিক্ত অর্থের প্রয়োজন দেখা দিলে অর্থ উপ-কমিটি জনগণের স্বতঃস্ফূর্ত অনুদান গ্রহণ করতে পারবেন। তবে সকল ক্ষেত্রে উদ্‌যাপন কমিটির সভাপতিকে অবহিত রাখতে হবে। এছাড়া উপ-কমিটিগুলো তাদের প্রস্তুতি সম্পর্কে আগামী ১৫/৩/২০২২ খ্রি. তারিখের মধ্যে সভাপতিকে অবহিত করবেন। | সংশ্লিষ্ট উপ-কমিটি। |
| ৯. আগামী ২৬ মার্চ রোজ শনিবার সকল মসজিদে বাদ জোহর শহিদ মুক্তিযোদ্ধাদের আত্মার মাগফেরাত কামনা করে মোনাজাত করার সিদ্ধান্ত গৃহীত হয় | ১. ইসলামিক ফাউন্ডেশন, ভোলা। |
| ১০. অংশগ্রহণকারী প্রতিটি সংগঠন/শিক্ষা প্রতিষ্ঠান থেকে ৩০ জনের বেশি কুচকাওয়াজে অংশগ্রহণ না করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট উপকমিটি |
| ১১. জেলা সদরের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের নির্ধারিত ও পরিচ্ছন্ন ইউনিফর্মে সুসজ্জিত ও প্রশিক্ষিত দল (অনুর্ধ্ব ৩০ জনের) তৈরিপূর্বক কুচকাওয়াজে অংশগ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট উপকমিটি |
| ১২. মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর পুষ্পস্তবক অর্পণের পূর্বে কোন পুষ্পস্তবক অর্পণ/তোপধ্বনি না করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট উপকমিটি |
| ১৩. শিশু পার্ক, মুক্তিযুদ্ধ জাদুঘর, স্বাধীনতা জাদুঘর শিশুদের জন্য সকাল-সন্ধ্যা উন্মুক্ত রাখা এবং বিনা টিকিটে প্রদর্শনীর সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা তথ্য অফিসার, ভোলা। |

| | |
|---|---|
| ১৪. জেলা ও উপজেলা পর্যায়ে সিনেমা হলসমূহে বিনা টিকিটে ছাত্র-ছাত্রীদের জন্য মুক্তিযুদ্ধ ভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনী এবং জেলা ও উপজেলা পর্যায়ে মিলনায়তনে, উন্মুক্ত স্থানে মুক্তিযুদ্ধ ভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শনীর সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট উপকমিটি |
| ১৫. স্থানীয় সংবাদপত্রসমূহে বিশেষ নিবন্ধ, সাহিত্য, সাময়িকী ও ক্রোড়পত্র প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি/সম্পাদক, ভোলা প্রেস ক্লাব। |
| ১৬. ভোলা শহরের প্রধান প্রধান সড়ক ও সড়ক দ্বীপসমূহ জাতীয় পতাকাসহ বিভিন্ন ব্যানার ও ফেস্টুন দ্বারা সজ্জিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, ভোলা পৌরসভা। |
| ১৭. আগামী ২৪ মার্চ ২০২২ হতে ২২ এপ্রিল ২০২২ তারিখ পর্যন্ত ১মাস ব্যাপি ভোলা সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে বিসিক জেলা কার্যালয়, ভোলা কর্তৃক **বিসিক শিল্পমেলা** আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সভাপতি, চেম্বার অব কমার্স ভোলা।<br>২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ভোলা।<br>৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, ভোলা পৌরসভা, ভোলা।<br>৪। সচিব, জেলা পরিষদ, ভোলা।<br>৫। অতিরিক্ত পুলিশ সুপার, সদর সার্কেল, ভোলা।<br>৬। নেজারত ডেপুটি কালেক্টর, ভোলা।<br>৭। উপ-ব্যবস্থাপক, বিসিক, ভোলা |
| ১৮. উপরিউক্ত সকল অনুষ্ঠান চলাকালে একটি মেডিকেল টিম ও অগ্নিনির্বাপক টিম প্রস্তুত রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট উপকমিটি। |

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের গৃহীত কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়নে সকলের সর্বাত্মক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

28/03/2022

(মোঃ তৌফিক -ই-লাহী চৌধুরী)
জেলা প্রশাসক, ভোলা
ও
সভাপতি
জাতীয় গণহত্যা দিবস এবং মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, ২০২২
এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন কমিটি, ভোলা।